



## জনসংযোগ কার্যালয় জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়

সাভার, ঢাকা, বাংলাদেশ  
ফোন: ০২২২৪৪৯১০৪৫-৫১  
ফ্যাক্স: ০২২২৪৪৯১০৫২  
ওয়েবসাইট: [www.juniv.edu](http://www.juniv.edu)



### প্রেস বিজ্ঞপ্তি

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়

### আইবিএ-জেইউ এবং গাণিতিক ও পদার্থ বিষয়ক অনুষদের বার্ষিক গবেষণা প্রকল্প সেমিনার অনুষ্ঠিত

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়, ২৮ মে ২০২৪।

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের ইনসিটিউট অব বিজনেস এ্যাডমিনিস্ট্রেশন (আইবিএ-জেইউ) এবং গাণিতিক ও পদার্থ বিষয়ক অনুষদে বিশ্ববিদ্যালয়ের অর্থায়নে পরিচালিত গবেষণা প্রকল্পের সারসংক্ষেপ উপস্থাপন বিষয়ক সেমিনার অনুষ্ঠিত হয়েছে। মঙ্গলবার সকাল সাড়ে এগারোটায় আইবিএ-জেইউ এবং বেলা বারোটায় গাণিতিক ও পদার্থ বিষয়ক অনুষদে এ সেমিনার অনুষ্ঠিত হয়।

গাণিতিক ও পদার্থ বিষয়ক অনুষদের সেমিনারের উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে উপাচার্য অধ্যাপক ড. মোঃ নূরুল আলম বলেন, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের শিক্ষকদের গবেষণার মান আগের চাইতে অনেক উন্নত হয়েছে। গাণিতিক ও পদার্থ বিষয়ক অনুষদভুক্ত শিক্ষকরা সুন্দরভাবে তাদের গবেষণা পরিচালনা করছেন এবং তাদের গবেষণার ফলাফলও ভালো। এই অনুষদের শিক্ষকরা তাদের গবেষণা প্রবন্ধ ভালো ইম্প্যাক্ট ফ্যাক্টর জার্নালেও প্রকাশ করেন। বিশ্ববিদ্যালয়ের সকল গবেষকদের ভালো গবেষণার জন্যই আমরা র্যাক্ষিংয়ে অবস্থান করে নিয়েছি। তিনি বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে গবেষণা প্রবন্ধ প্রকাশ করার জন্য ধন্যবাদ জ্ঞাপন করেন।

আইবিএ-জেইউ এর সেমিনারে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপ-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক শেখ মোঃ মনজুরুল হক। সেমিনারে আরো উপস্থিত ছিলেন গাণিতিক ও পদার্থ বিষয়ক অনুষদের ডিন অধ্যাপক ড. মো. আবদুর রব, আইবিএ-জেইউ পরিচালক অধ্যাপক ড. এ কে এম জাহিদুল ইসলাম এবং ইনসিটিউট ও অনুষদভুক্ত শিক্ষকরা।

১৪/২১১২

মোহাম্মদ মহিউদ্দিন, পিএইচ.ডি  
পরিচালক (ভারপ্রাপ্ত)